



প্রতিবাদ করে আখতারুজ্জামান বীরত্বের প্রমাণ দিয়েছেন: জামায়াত আমির



জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

বিমানবন্দরে যাত্রীদের দুর্ভোগ ও অনিয়মের বিরুদ্ধে প্রতিবাদ করে মেজর (অব.) আখতারুজ্জামান বীরত্বের প্রমাণ দিয়েছেন বলে মন্তব্য করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। তিনি বলেন, প্রতিবাদ করতে গিয়ে আখতারুজ্জামান ভুক্তভোগী মানুষের হৃদয়ের বীরে পরিণত হয়েছেন। রোববার (৪ অক্টোবর) নিজের ভেরিফায়েড ফেসবুক পোস্টে এসব কথা বলেন জামায়াত আমির।

ডা. শফিকুর রহমান বলেন, কোনো মানুষই ভুলের ঊর্ধ্বে নয়। বীর মুক্তিযোদ্ধা মেজর (অব.) আখতারুজ্জামান বিমানবন্দরে সাধারণ যাত্রীদের দুর্ভোগ, কর্তৃপক্ষের উদাসীনতা, অনিয়ম ও অন্যায়ে বিরুদ্ধে আওয়াজ তুলেছেন। এর মধ্য দিয়ে তিনি ভুক্তভোগী যাত্রীদের, বিশেষ করে বিদেশফেরত প্রবাসীদের প্রতিবাদের কণ্ঠ হয়ে উঠেছেন। তিনি আরও বলেন, আখতারুজ্জামানের প্রতিবাদকে গুরুত্ব দিয়ে বিমানবন্দরের দুর্বলতা দূর করার বদলে তাকে গ্রেপ্তার করা হয়েছে। এমনকি দুইবারের সাবেক সংসদ সদস্য ও একজন বীর মুক্তিযোদ্ধাকে জনসম্মুখে অপমান করার নানা পদক্ষেপ নেওয়া হয়েছে বলেও মন্তব্য করেন তিনি।

জামায়াত আমির বলেন, জনগণ অন্ধ নয়, তারা সবকিছু দেখছে। শেষে আখতারুজ্জামানের সম্মান আরও বাড়ানোর জন্য আল্লাহর কাছে দোয়া করেন তিনি।